

Live MCQ™

৪৯তম স্পেশাল বিসিএস (শিক্ষা) বিষয়ভিত্তিক প্রস্তুতি

বিষয়: কৃষি (801)

Compendium PDF

(সিলেবাস অনুসারে সর্বাধিক গুরুত্বপূর্ণ টপিক ও এমসিকিউ-এর সমন্বয়ে রচিত)

Mentor:

ধীমান অধিকারী

৪০তম বিসিএস

প্রভাষক, কৃষি বিজ্ঞান

রূপসা সরকারি কলেজ, খুলনা।

Warning: Live MCQ™-এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দণ্ডনীয় অপরাধ।

Join Now ▶

GET IT ON
Google Play

Download on the
App Store

Get it from
Microsoft

Download on the
Mac App Store



livemcq.com



01701377322

প্রিয় চাকুরিপ্রার্থী ভাই/ বোনেরা, আশাকরি আপনারা ভালো আছেন এবং আপনাদের পড়াশুনাও ভালো চলছে। পরম করুণাময়ের কৃপাতে ৪৯তম (বিশেষ) বিসিএস পরীক্ষা-২০২৫ এর বিষয়ভিত্তিক অংশ কৃষিবিজ্ঞান বিষয়ে PSC নির্ধারিত সিলেবাসের উপর সকল ক্লাসের গুরুত্বপূর্ণ অংশটুকু সহজে পড়ার সুবিধার্থে Live MCQ একাডেমিক টীম এই বিশেষ পিডিএফ প্রদান করছে। আশা করছি এটা পড়লেই অনেক প্রশ্ন কমন আসার সম্ভাবনা আছে। এটার মাধ্যমে আপনারা আপনাদের প্রস্তুতকে আরো গুছিয়ে নিতে পারবেন।

Contents

PSC নির্ধারিত সিলেবাস.....	3
৪৯ তম স্পেশাল বিসিএস (কৃষিবিজ্ঞান) গুরুত্বপূর্ণ টপিকস.....	5
Reference.....	6
শেষ মুহূর্তের দিকনির্দেশনা ও পরামর্শ.....	6
টপিক ভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা.....	7
২০০ টি MCQ প্রশ্নোত্তর.....	64

PSC নির্ধারিত সিলেবাস

AGRICULTURE

Part-I

- a) Production technology and costing of field crops- rice, wheat, maize, jute, sugarcane, tea, tobacco, lentil, groundnut, soyabean and mustard. External morphology and desirable qualities of these crops.
- b) Production technology of horticultural crops-Banana, papaya, pineapple, potato, tomato, cabbage, cauliflower, brinjal, onion, garlic and chili. Post-harvest management (e.g. processing and storage) of these crops.
- c) Importance of irrigation and drainage for crop production. Merits and demerits of different methods of irrigation. Irrigation seedling in crops. Quality of irrigation water in relation to crop production and soil condition.
- d) Crop nutrition and fertilizer management: sources and available forms of plant nutrients, fertilizer and manners, judicious application of fertilizers and organic matters in different agro-ecological zones (AEZ) of Bangladesh. Use of Bio-fertilizers in agriculture and water management utilization of agriculture wastes. Scope and importance of bio energy, and generation of Bio-gas.
- e) Major insect pests and diseases of rice, wheat, jute, sugarcane, potato and mango and their control measures.
- f) Pesticides - their formulation, mode of action, methods of application residual effects with safety measures. Economic injury level and LD50. Integrated pest management (IPM) - concept, prospects and limitations.
- g) The principles and practices of agricultural extension with special emphasis on program planning, transfer of technologies, communication, diffusion and leadership. Importance of rural youth, rural women and landless farmers in agricultural extension and their empowerment.

AGRICULTURE

Part-II

- i) Plant genetic resources (PGR) -diversity of PGR and their conservation methods.
- ii) Crop improvement- introduction, selection, hybridization and mutation breeding. Development of hybrid and modern varieties (MVs). Concepts of variety Act and intellectual property right (IPR), seed certification and variety release.
- iii) Bio□technology in Agriculture: Tissue culture, genetic engineering. GMO and bio□ safety regulations-environmental, social, legal and ethical issues.
- iv) Plant growth regulators, growth retardants and phytohormones. Ripening chemicals-uses and abuses.
- v) Concept and significance of seed viability and seed vigor. Testing seeds for purity, moisture, germination and vigor. Principles of seed crop production.
- vi) Weed competition and factors affecting crop-weed competition. Allelopathic effects of weeds on crops and vice-versa. Herbicidal weed control in rice, jute, cotton and sugarcane. Integrated Weed Management (IWM).
- vii) Environmental degradation and pollution (soil, water and air pollutions)-causes and impact on Bangladesh Agriculture. Management of drought, flood and soil salinity and other current environmental issues.
- viii) Concept and scope of agro-forestry, present status of forest resources in Bangladesh, possible improvement of present land use system through sustainable agro-forestry. Multistoried tree production system, hill cultivation-SALT practices and their different models.
- ix) Economic importance of fiber, oil, timber, medicine, rubber, narcotic and beverage crop plants and their products. Tapping system, composition and latex coagulation of rubber. Manufacturing process and changes in chemical composition in tea leaves.

৪৯ তম স্পেশাল বিসিএস (কৃষিবিজ্ঞান) গুরুত্বপূর্ণ টপিকস্

Part-1

- ✓ Production Technolgy থেকে Rice (বিস্তারিত পড়বেন), Wheat, Maize, Jute, Suagrcane, Tea, Potato, Onion, Tomato এগুলো থেকে Fertilizer, Irrigation application এবং প্রতিটা crop এর special কিছু character and Intercultural operation আছে সেগুলো ভালো করে পড়বেন।
- ✓ Different types of nursery bed of Rice plant
- ✓ Growth phases of Rice plant
- ✓ খান চাষের নিবিড় পদ্ধতিত SRI
- ✓ Important information of WHEAT
- ✓ Jute রিবন রেটিং পদ্ধতির গুরুত্ব
- ✓ বিভিন্ন ধরনের Intercultural Operations (আন্তঃপরিচর্যা কাজ): Thining, gapfilling, Propping, Earthing up, Trainig, pruning,
- ✓ Different Fruits Type
- ✓ Methods of Irrigation (এর সুবিধা, অসুবিধা) বিশেষ করে Flooding, Ring basin, Furrow, Springkler, Drip এগুলো বেশী ভালো করে পড়বেন।
- ✓ Irrigation Scheduling (Rice, Wheat, Maize, Potato)
- ✓ বিভিন্ন Disease এর Symptoms (Rice, Wheat, Potato, Jute, Sugarcane)
- ✓ Important Insects of Rice, Jute, sugarcane, Potato
- ✓ Plant Nutrition (উদ্ভিদের পুষ্টি উপাদান) এবং বিভিন্ন পুষ্টি উপাদান (N, P, K, B) এর Function and Deficiency Symptoms খুবই গুরুত্বপূর্ণ
- ✓ Antagonism effect
- ✓ Different types of Fertilizer application method (Top dressing, Basal appliation, Foliar)
- ✓ Soil fertility and Productivity
- ✓ Different Types of pesticides
- ✓ Formulation of Pesticides and Mode of action
- ✓ Types of Education in Extension
- ✓ Adopter Categories of Farmers

Part-2

- ✓ Crop Improvement (Introduction, Seleccion, Hybridization)
- ✓ Selection এর important method গুলো ভালো করে পড়তে হবে
- ✓ Hybridization step গুলো ধারাবাহিক ভাবে পড়বেন

- ✓ Plant Tissue Culture এর procedure
- ✓ Genetic Engineering এর methods
- ✓ Plant Growth Regulators (very important)
- ✓ Different types of Seeds
- ✓ Seed vigour, Germination, Seed viability ভালো করে পড়বেন
- ✓ Seed-borne Pathogens
- ✓ Allelopathy
- ✓ Crop weed competition
- ✓ Different types of Herbicides
- ✓ Different types of Agroforestry
- ✓ Greenhouse effect, Ozone
- ✓ Sloping Agricultural Land Technology (SALT) এটা বিস্তারিত পড়বেন
- ✓ Tea Processing

Reference

- ✓ একাদশ ও দ্বাদশ শ্রেণির বই (১ম পত্র)
 - লেখক-ড. সদরুল আমিন
 - লেখক- ফরহাদ হোসেন
- ✓ কৃষি প্রযুক্তির হাত বই (৮ম সংস্করণ)
- ✓ Fundamentals of Agronomy (S.k Dutta)
- ✓ A text book plant pathology
- ✓ Hybridization of crop plants (Hadley)

শেষ মুহূর্তের দিকনির্দেশনা ও পরামর্শ

- ❖ PSC এর সিলেবাস অনুসারে খুবই গুরুত্বপূর্ণ বিষয় যেগুলো ক্লাস নেওয়ার সময় এবং কমপেনডিয়ামে অন্তর্ভুক্ত করেছি সেগুলো শেষ মুহূর্তে একবার রিভিশন দেবেন।
- ❖ কৃষির যে ক্লাসগুলো নিয়েছি এবং যে পিডিএফ গুলো দিয়েছি সেগুলো খুব ভালো করে পড়বেন।
- ❖ শেষ মুহূর্তে অতিরিক্ত আর অন্য কিছু পড়তে হবে না (আপনি সময়ও পাবেন না), এই পর্যন্ত যা যা পড়েছেন সেগুলো বার বার রিভিশন দেন। যত রিভিশন দিতে পারবেন তত মনে থাকবে।

- ❖ পরীক্ষার এক সপ্তাহ আগে কৃষির সর্বশেষ তথ্য গুলো যেমন কোন নতুন জাত, কৃষির ডিজিটাল সেবা, বর্তমান সময়ে কোন ফসল ভালো হয়, কোন রোগ হয় এমন বিষয় গুলো নেটে সার্চ দিয়ে একটু দেখে যাবেন।
- ❖ কঠিন বিষয়গুলো সংক্ষিপ্ত আকারে খাতায় নোট তৈরী করে মনে রাখার চেষ্টা করবেন।
- ❖ বিভিন্ন পেস্টিসাইড, রোগের প্যাথোজেন, সাইন্টিফিক নেম খাতায় নোট করে পড়বেন।
- ❖ কমপেনডিয়ামের ২০০ MCQ এবং ৫ টি মডেল টেস্ট ও টপিকস ভিত্তিক যে MCQ গুলো আছে সেগুলো পরীক্ষার আগে দুইবার রিভিশন দেওয়ার চেষ্টা করবেন।
- ❖ পরীক্ষার ২-৩ দিন আগে কঠিন বিষয়গুলো বাদ দিয়ে সহজ বিষয়গুলো ভালো করে আত্মস্থ করবেন। মনে রাখবেন সহজ বিষয় থেকে প্রশ্ন আসলে সেগুলো ভুল করা যাবে না।
- ❖ তথ্য পড়ার থেকে সরাসরি MCQ পড়লে বেশী মনে থাকে। এজন্য শেষ সময়ে সকল MCQ গুলো অবশ্যই পড়বেন।
- ❖ অতিরিক্ত টেনশন না করে যে সময়টুকু আছে সেটুকু সর্বচ্চ কাজে লাগান, সর্বচ্চ পরিমাণ পড়াশুনা করেন। খুব অল্পসময়ে ক্যাডার হওয়ার এটাই শেষ সুযোগ।
- ❖ পরীক্ষার হলে চিন্তা করবেন আপনি সবথেকে ভালো পারেন তাহলে কনফিডেন্স পাবেন।

আপনাদের জন্য অনেক অনেক শুভকানা রইল।

টপিক ভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা

Lecture - 1

ফসলের মৌসুম প্রধানত ২ টি - খরিপ এবং বোরো।

খরিপ মৌসুমকে আবার খরিপ-১ এবং খরিপ-২ হিসাবে ভাগ করা যায়।

খরিপ-১, খরিপ-২ এবং রবি মৌসুম এর মধ্যে পার্থক্যঃ

বৈশিষ্ট্য	খরিপ-১	খরিপ-২	রবি মৌসুম
সময়কাল	১৬ মার্চ - ৩০ জুন	০১ জুলাই - ১৫ অক্টোবর	৩০ অক্টোবর - ১৫ মার্চ
আবহাওয়া	সাধারণত গ্রীষ্মকালীন ফসল	বর্ষাকালীন ফসল	শীত ও শুষ্ক মৌসুমের ফসল
বৃষ্টিপাত	প্রাক-বর্ষা	সবচেয়ে বেশি বৃষ্টিপাত	বৃষ্টিপাত কম, সেচ নির্ভর
প্রধান ফসল	Aus paddy, Mung bean (মুগ ডাল), Black gram (মাসকলাই ডাল), Sesame (তিল), Groundnut (চিনাবাদাম), Chili, Lady's finger (Okra) (টেঁড়স), Cucumber (শসা), Napier grass, Maize (ভুট্টা)	Aman paddy, jute, turmeric (হলুদ), ginger, arum (কচু), brinjal, sponge gourd (ঝিঞ্জি), ash gourd (চাল কুমড়া), Indian spinach (পুইশাক), long bean (বরবটি)	Boro paddy, wheat, mustard, potato, lentil, chickpea, grass pea, garlic, onion, cabbage, cauliflower, carrot, radish, tomato

Rice

Some important information of RICE

- বিশ্বের প্রধান খাদ্যশস্য → বিশ্বের মোট জনসংখ্যার 60% এরও বেশি মানুষের প্রধান খাদ্য।
- বৈজ্ঞানিক শ্রেণিবিন্যাস: Family: Gramineae (Poaceae), Genus: Oryza
- Chromosome number: $2n = 24$
- Genus Oryza-তে মোট ২৫টি প্রজাতি আছে, এর মধ্যে শুধু ২টি চাষযোগ্য, বাকিগুলো বুনো প্রজাতি।
- চাষযোগ্য প্রজাতি: *Oryza sativa* (Asia) এবং *Oryza glaberrima* (Africa)
- বুনো প্রজাতি: *Oryza sativa* var. *fatua* → চাষযোগ্য ধানের সাথে খুব মিল আছে, এবং এদের সাথে সহজেই পরাগায়ন ঘটিয়ে উর্বর হাইব্রিড তৈরি করা যায়।
- *Oryza sativa* এর উপ-প্রজাতি (subspecies):
 - ✓ Indica → ভারত, বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ায় প্রচলিত।
 - ✓ Japonica → জাপান, চীন, কোরিয়া প্রভৃতি অঞ্চলে।
 - ✓ Javanica → ইন্দোনেশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ায়।

Different types of nursery bed

১. ভেজা নার্সারি বেড (Wet Nursery Bed)

- ✓ বীজ ভিজিয়ে বপন করা হয় এবং সেচযুক্ত অবস্থায় চারা বড় করা হয়।
- ✓ সাধারণত Sprout seeds জন্য ব্যবহৃত হয়।
- ✓ দ্রুত অঙ্কুরোদগম ও শক্তিশালী চারা নিশ্চিত করে।

২. শুকনো নার্সারি বেড (Dry Nursery Bed)

- ✓ শুকনো বীজ সরাসরি বপন করা হয়, ভিজানো হয় না।
- ✓ এমন স্থানের জন্য উপযোগী যেখানে পানি সীমিত বা অনিয়মিত।

৩. ডাপোগ নার্সারি বেড (Dapog Nursery Bed)

- ✓ বন্যাকবলিত অঞ্চলে এই পদ্ধতি ব্যবহার করা হয়
- ✓ সাধারণত পানি কম থাকা অঞ্চলে ব্যবহৃত হয়।
- ✓ চারা ছোট ট্রে বা বাক্সে বড় করা হয়।

৪. ভাসমান নার্সারি বেড (Floating Nursery Bed)

- ✓ চারা পানিতে ভাসমান খাট বা র্যাফটে বড় করা হয়।
- ✓ গভীর পানির এলাকা বা যান্ত্রিক রোপণের জন্য উপযোগী।

Three Growth phases of Rice plant

1. **Vegetative** (Seedling stage, Transplanting Stage, Tillering stage)
2. **Reproductive** (Panicle initiation stage, Booting stage, Heading stage, Flowering stage)

3. Ripening (Milking stage, Dough stage, Maturity stage)

Vegetative Phase (বৃদ্ধি পর্যায়)

বীজ অঙ্কুরোদগম (germination) থেকে শুরু হয়ে panicle initiation (গুচ্ছ/মঞ্জরি বের হওয়ার আগ পর্যন্ত) সময়কে Vegetative Phase বলা হয়। প্রথমে বীজ পানি শোষণ করে। একে imbibition বলে। এরপর Radicle (প্রথম শিকড়) এবং Coleoptile (প্রথম কাণ্ড) বের হয়।

Tillering Stage

Tillering হলো সেই প্রক্রিয়া যেখানে ধান গাছের মূল কাণ্ডের গোড়ার basal node থেকে নতুন কাণ্ড বা শাখা (secondary shoots) বের হয়। এই নতুন কাণ্ডগুলোকে tiller বলা হয়। Tillers মূল কাণ্ডের সাথে জেনেটিক্যালি অভিন্ন (genetically identical)। প্রতিটি tiller নিজস্ব পাতা, শিকড় এবং পরে শীষ (panicle) তৈরি করতে পারে। Tillering stage চলাকালীন উদ্ভিদের ঝোপঝাড় আকার বৃদ্ধি পায়। যত বেশি কার্যকর tiller (productive tiller) হবে, তত বেশি ধানের শীষ তৈরি হবে। যথাযথ পানি, সার (N fertilizer), আলো ইত্যাদি tiller গঠনে প্রভাব ফেলে।

Booting Stage

Booting stage হলো ধানের সেই পর্যায় যেখানে panicle (মঞ্জরি) গাছের flag leaf-এর আবরণ (sheath) এর ভিতরে গঠন ও বৃদ্ধি পায়। Panicle flag leaf sheath-এর ভিতরে থাকে তখন sheath ফুলে যায় (swelling/bulging)। এই কারণে নাম “booting”। Flag leaf সম্পূর্ণ বৃদ্ধি পায় এবং প্রধান শর্করা উৎপাদনকারী (carbohydrate source) হিসেবে কাজ করে। এই পর্যায়ে উদ্ভিদে photosynthesis সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, কারণ তা ভবিষ্যতের ধান শীষের (grain) বৃদ্ধি ও পুষ্টির জন্য প্রয়োজন

Milk Stage

Flowering (Anthesis) এর ১-২ সপ্তাহ পর শুরু হয়। ধানের বেড়ে উঠা দানার (caryopsis) ভিতরে সাদা, দুধ জাতীয় ও মিষ্টি তরল জাতীয় পদার্থ থাকে। Endosperm নরম এবং দুধ জাতীয় তরলে পূর্ণ থাকে। এই সময় Photosynthesis দ্বারা স্টার্চ (starch) দ্রুত তৈরি হচ্ছে। উদ্ভিদ এই সময় অত্যন্ত সংবেদনশীল সময়ে drought, pest attack (যেমন paddy bug) বা nutrient stress থাকলে দানা খালি বা “wind grain” হতে পারে।

Dough Stage

Milk stage এর পর শুরু হয়। ধানের দানার (grain) ভিতরের তরল পদার্থ ঘন (soft dough) হয়ে যায়। তখন তাকে

Dough stage কে আরও দুই ভাগে ভাগ করা হয়:

১. Soft dough - দানা নরম, কিছুটা তরল থাকে।

২. Hard dough - দানা শক্ত হয়ে যায়, শর্করা জমা হয়। Hard dough পর্যায়ে উদ্ভিদকে physiologically mature ধরা হয়।

System of Fertilizer Application in Rice

TSP, MoP, Gypsum, ZnSO₄ should be applied during final land preparation.

Urea সবসময় Split dose apply করা হয় কারণ ইউরিয়া ৩ দিনের মধ্যে উদ্ভিদের জন্য প্রযোজ্য হয়ে যায় এবং প্রায় এক সপ্তাহ পর্যন্ত তার কার্যকারিতা থাকে এবং ইউরিয়া লিকেজ (Leaching) এবং বাষ্পীভবন (Volatilization) এর মাধ্যমে ক্ষয় হয় এজন্য সব ইউরিয়া একসাথে দেওয়া হয় না।

Urea should be applied in **three installments**

- ✓ 1/3rd at 20 DAT as top dressing
- ✓ 1/3rd during early tillering stage (30-35 DAT)
- ✓ last 1/3rd at panicle initiation stage (50-55 DAT)

ধান চাষের নিবিড় পদ্ধতি SRI (systemic of rice intensification)

যে পদ্ধতিতে ধান ক্ষেতে সর্বনিম্ন পরিমাণ পানি প্রদান করে, স্বাভাবিকের থেকে অধিক পরিমাণ ধান উৎপাদনের জন্য ধানের চারা বর্গাকারে এককভাবে রোপন করা তাকে SRI পদ্ধতি বলে। SRI তে AWD পদ্ধতিতে সেচ প্রদান করা হয়। AWD = Alternating Wetting and Drying


SRI পদ্ধতির গুরুত্ব/ উপকারিতাঃ

1. গতানুগতিক চাষ পদ্ধতির তুলনায় ৩০- ৩৫ % সেচের পানি কম লাগে।
2. জমিতে সার ও বীজের পরিমাণ গতানুগতিক পদ্ধতি থেকে কম লাগে ফলে উৎপাদন খরচও কম হয়।
3. বর্গাকারে রোপনের ফলে চারা প্রচুর আলো এবং মূলের বৃদ্ধির জন্য জায়গা পায়।
4. ১টি করে চারা রোপন করা হয় বলে ৮ - ১০ কেজি বীজের চারা দ্বারা ১ হেক্টর জমি চাষ করা যায়
5. সব সময় পানিবদ্ধ অবস্থায় থাকে না বলে মিথেন গ্যাস কম তৈরি হয়
6. ধানের জীবনকাল স্বাভাবিক এর থেকে ১০ - ১৫ দিন কমে যায়
7. জৈব সারের উপর সর্বাধিক গুরুত্ব দেয়া হয় ফলে রাসায়নিক সার কম প্রয়োজন হয়।

Leaf Color Chart (LCC)

Leaf Color Chart (LCC) হলো একটি সরঞ্জাম যা ধান বা অন্যান্য ফসলের পাতার সবুজ রঙ পর্যবেক্ষণ করতে ব্যবহৃত হয়। এর মাধ্যমে কখন এবং কতটা নাইট্রোজেন (N) প্রয়োগ করতে হবে এটা বুঝা যায়। ধানের প্রধান পাতা (flag leaf বা সবুজ নতুন পাতা) LCC-এর রঙের সাথে তুলনা করা হয়। পাতার রঙ যদি হালকা সবুজ বা কম সবুজ হয় তাহলে বোঝায় উদ্ভিদ N-এর অভাব।

LEAF COLOR CHART



সার

High Yielding Variety: বেশি ফলন, মাঝারি রোগ প্রতিরোধ, কিছুটা খরচ বেশি।

Local Variety: কম ফলন, সহজ রক্ষণাবেক্ষণ, বীজ পুনঃচাষযোগ্য।

Hybrid Variety: সর্বোচ্চ ফলন, উন্নত রোগ প্রতিরোধ, খরচ বেশি, বীজ প্রতি বছর কিনতে হয়।

জলমগ্ন সহনশীল- BRR I Dhan 51, 52, 79

খরা সহনশীল- BRR I Dhan 55, 56, 71

খরা সহিষ্ণু- BRR I Dhan 65, 83

লবনাক্ততা সহনশীল- BRR I Dhan 61, 67, 73, 78

Ligule: Ligule হলো পাতার sheath এবং blade এর সংযোগস্থলে থাকা পাতলা, বিল্লি বা রোমযুক্ত (membranous or hairy) কাঠামো।

Auricles: Auricles হলো পাতার শীর্ষ বা বেসের কাছে থাকা ছোট, কান-আকৃতির উত্থাপিত অংশ। Leaf blade এবং leaf sheath এর সংযোগস্থলে। গম, ধান ও অন্যান্য তৃণজাত উদ্ভিদে Ligule এবং Auricles দেখা যায়।

Glumes: Two outermost bracts at the base of each spikelet.

Lemma: The outer bract of an individual floret

Palea: The inner bract of a floret, lying opposite to the lemma

Wheat

Some important information of WHEAT

- বৈজ্ঞানিক নাম: *Triticum aestivum*, পরিবার: Graminae / Poaceae (ঘাস পরিবারের)
- গম হলো দ্বিতীয় গুরুত্বপূর্ণ প্রধান খাদ্যশস্য (ধান প্রথম)।
- গমের দানায় গ্লুটেন (Gluten) থাকে, যা বেকারির পণ্য তৈরির জন্য গুরুত্বপূর্ণ।
- গম Irrigation and Without Irrigation এর মাধ্যমে গম চাষ করা যায়।
- দুই প্রধান প্রকারের গম: ১) Spring Wheat (বসন্ত গম) ২) Winter Wheat (শীতকালীন গম)
- গম হলো দীর্ঘ দিবসের উদ্ভিদ (Long day plant)।
- বপনের সময়: ১৫ নভেম্বর – ৩০ ডিসেম্বর
- ফসলের সময়কাল: ১০০–১২০ দিন
- বীজের হার: ১২০ কেজি/হেক্টর
- বীজ প্রক্রিয়াকরণ (Seed Treatment): Vitavax
- Optimum temperature for seed germination is 20 - 25 °C
- Low moisture in soil, high temperature and long bright sunshine hours পরিপক্ব হওয়ার সময়কে হ্রাস করে যা শেষ পর্যন্ত গমের ফলন ও মান কমিয়ে দেয়।
- গমের ফসলের সেচ দেওয়ার মাধ্যমে ফলন দ্বিগুণ করা যায়।
- ২-৩ বার সেচ প্রয়োজন হয়।
 - a. প্রথম সেচ: যখন চারা ১৭-২১ দিন বয়সী হয় যখন ৩ টি পাতার বের হয়। এই পর্যায়কে Crown Root Initiation (CRI) Stage বলে।
 - b. দ্বিতীয় সেচ: ফুল আসার সময়

c. তৃতীয় সেচ: Grain Formation stage

Methods of sowing/ planting of Wheat: Broadcasting, Line sowing, Dibbling, Drilling, Transplanting

Jute

Some important information of Jute

- বৈজ্ঞানিক নাম: *Corchorus capsularis* (দেশী পাট), *Corchorus olitorius* (তোষা পাট)
- পরিবার: Tiliaceae (আধুনিক ট্যাক্সোনমিতে Tiliaceae কে Malvaceae-তে সংযুক্ত করা হয়েছে)
- সর্বোত্তম তাপমাত্রা: ২৫-৩০ °C
- আপেক্ষিক আর্দ্রতা (Relative Humidity): ৮০-৯০%
- ফসলের সময়কাল: ১২০-১৩৫ দিন

<i>Corchorus capsularis</i>	<i>Corchorus olitorius</i>
Varieties: Sohuj pat (CVL-1), Jo pat (CC-45), Ashu pat (CVE-3), BINA deshi pat-1	Varieties: O-2, O-3, O-4, Falgoni tossa(O-9897), BJRI tossa pat 4-7
2-3 t/ha	2.5 - 3.5 t/ha
The fiber is coarser, stronger, and more lustrous.	The fiber is finer, softer, and silkier
The fiber is whitish-yellow to grayish-white.	The fiber is golden to slightly reddish-yellow in color.
It is more tolerant of waterlogging and can be grown on lower, poorly drained lands.	It prefers well-drained, fertile soil and is more sensitive to waterlogging.

পাটের রিবন রেটিং

পাট গাছ কাটার পর কাচা থাকা অবস্থায় গাছ থেকে ছাল পৃথক করে ছাল পচানোর ব্যবস্থাকে রিবন রেটিং বলে।

রিবন রেটিং পদ্ধতির গুরুত্ব

1. যেসব এলাকায় পাট পচানোর পানির অভাব রয়েছে সেসব এলাকায় এ পদ্ধতিতে লাভজনক।
2. পাট পচনের জন্য জায়গা ও পানি কম লাগে।
3. পাট পচনে প্রচলিত পদ্ধতির চেয়ে সময় অর্ধেক লাগে।
4. উন্নত মানের আশ পাওয়া যায় ফলে বাজারদর বেশি থাকে।
5. পাট পচন পানি জৈব সার হিসেবে ব্যবহার করা যায়।
6. এ পদ্ধতিতে প্রাপ্ত পাট কাঠি মজবুত ও টেকসই হয় তুমি যাবে এখন।

রেটিং (Retting) প্রক্রিয়ার গতি বাড়ানোর জন্য Retting পানিতে ইউরিয়া (Urea) প্রয়োগ করা যায় বা পাট পচা পানি ব্যবহার করা যায়। এতে Micro-organism এর কার্যক্রম বৃদ্ধি পায়, যার ফলে পাটের ফাইবার দ্রুত আলাদা হয়।

Sugarcane

Some important information of Jute

- বৈজ্ঞানিক নাম: *Saccharum officinarum* (Sugarcane / আখ), Family: Gramineae (Poaceae)
- Chromosome number: $2n = 80$
- Importance: Sugarcane world-এর মোট চিনি production-এর প্রায় 70% supply করে।
- Crop type: এটি একটি long duration crop (12-14 months) ।
- আখ থেকে Ratoon crop নেওয়া যায়, অর্থাৎ একবার কাটার পর আবার stubble থেকে নতুন crop গজায়।
- Optimum temperature 18-25 °C
- কম temperature-এ crop-এর maturity delay হয়।
- Sowing time: Mid-November থেকে December মাসে আখ রোপণ করা সবচেয়ে ভালো।

আখের বিভিন্ন জাত:

- ✓ খরা এবং লবনাক্ততা সহনশীল জাত- ঈশ্বরদী ২০, ২১, ২২, ২৪, ২৫, ২৬, ২৭
- ✓ মুড়ি আখ (Ratoon) উপযোগী জাত- ঈশ্বরদী ২৯, ৩০, ৩২, ৩৩, ৩৪, ঈশ্বরদী ২/৫৪
- ✓ চিবিয়ে খাওয়ার উযোগী জাত- সিও ২০৮, গ্যাভারী, অমৃত, ঈশ্বরদী ২৪

Methods of Sugarcane planting

1. Flat method- আখ চাষের Traditional method। সমতল মাটিতে আখের setts বসানো হয়
2. Furrow method- Soil এ furrow (গর্ত/নালা) কেটে তার মধ্যে cane setts বসানো হয়।
3. Trench method
4. STP (Spaced transplanting) method – modern system

Trench method	STP method
Each sett has 3 nodes.	Each sett has 1or 2 nodes.
Setts are planted directly	Seedlings transplanted from seed bed or poly
Germination percentage lower	Germination percentage higher
Yield is low	Yield is high
Early planting isn't possible	Early planting is possible

Sugarcane	Sugar beet
Perennial but grown as annual	Biennial but grown as annual
Monocot plant	Dicot Plant
Sugar 10-12%	Sugar 15-16%

Thinning is not required	Thinning is required
Wrapping, trashing and propping necessary	Not necessary
Ratooning is possible	Ratooning isn't possible

Intercultural Operations (আন্তঃপরিচর্যা কাজ): বলতে বোঝানো হয় ফসল বেড়ে ওঠার সময় যেসব field operations করা হয়, যাতে crop ভালোভাবে grow করে এবং বেশি yield দেয়। বিভিন্ন ধরনের Intercultural Operations-

Weeding	Roughing
Water management	Tying (আখ)
Pest Management	Topping
Thinning	Suckering
Gap filling	Mulching
Earthing up	Propping (আখ)
Pruning	Trashing
Training	Stalking

- ❖ **Trashing:** পুরনো শুকনো পাতা সরিয়ে ফেলা হয়, যাতে গাছে সর্বাধিক সূর্যালোক প্রবেশ করতে পারে।
- ❖ **Wrapping / Tying:** আখ প্রায় ৫ মাস বয়সে হলে, ৩-৪ টা গাছ একসাথে বেঁধে দেওয়া হয়। এতে lodging (মাটিতে হেলে পড়া) প্রতিরোধ হয়।
- ❖ **Propping:** যেসব এলাকায় ঝড়ো হাওয়া বা ঝড় হয়, সেখানে আখ পড়ে যাওয়ার (lodging) সম্ভাবনা থাকে। সেই জায়গায় আখকে বাঁশ দিয়ে সাপোর্ট দিয়ে বেঁধে রাখা হয়।
- ❖ **Training:** গাছকে নির্দিষ্ট আকার ও কাঠামোতে গড়ে তোলার পদ্ধতিকে Training বলে।
- ❖ **Pruning:** গাছের অতিরিক্ত, রোগাক্রান্ত বা অপ্রয়োজনীয় ডাল কেটে ফেলার প্রক্রিয়াকে Pruning বলে।
- ❖ **Thinning:** গাছের অতিরিক্ত চারাগাছ, ফুল বা ফল সরিয়ে ফেলা, যাতে বাকি গাছ বা ফল পর্যাপ্ত পুষ্টি পায় এবং ভালোভাবে বেড়ে ওঠে।

Onion

Some important information of Onion

- বৈজ্ঞানিক নাম: *Allium cepa*, পরিবার: Alliaceae
- ক্রোমোজোম সংখ্যা: $2n = 16$
- vegetative growth এর জন্য উপযুক্ত তাপমাত্রা: 12-23 °C
- পেঁয়াজের পাতা ও কাণ্ডে ভিটামিন C ও ক্যালসিয়াম প্রচুর থাকে।
- স্থানীয় জাত: তাহেরপুরী, ফরিদপুরী, ঝিটকা, সলতা
- বিএআরআই উদ্ভাবিত জাত: বারি পেয়াজ-১, বারি পেয়াজ-২, বারি পেয়াজ-৩, বারি পেয়াজ-৪, বারি পেয়াজ-৫
- রোপণের সময়: অক্টোবর-নভেম্বর
- ফসলের মেয়াদ: ৯০-১২০ দিন
- গড় ফলন: ২০-২৫ টন/হেক্টর

পেঁয়াজের (*Allium cepa*) মূলত জলবায়ুর উপর নির্ভর করে। এটিকে দুই ভাগে ভাগ করা যায়: Tropical (উষ্ণমণ্ডলীয়) এবং Temperate (শীতভূমি/শীতমণ্ডলীয়)।

Tropical Varieties	Temperate Varieties
Hot and humid climates (low latitude)	Cool climates (high latitude)
Short-day varieties (10–12 hours)	Long-day varieties (14–16+ hours)
Bulb formation early under short day	Needs long daylight to initiate bulbs
Mostly grown in winter or kharif season	Grown in spring/summer in temperate zones
Usually shorter shelf life	Better storage quality
South Asia, Africa, Southeast Asia	Europe, North America, temperate Asia
Variety: Taherpuri, Faridpuri, Salta, Jhitka	Variety: Yellow Globe, Red Baron,

Curing of Onion: Curing হলো পেঁয়াজ বা অন্যান্য কন্দজাত ফসলের the outer leaves, neck, and roots শুকানোর প্রক্রিয়া, যা সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধি, ক্ষয় কমানো এবং গুণগতমান বজায় রাখতে সাহায্য করে।

রোগিং (Roguing): রোগাক্রান্ত, অস্বাভাবিক বা off-type আলু গাছ ক্ষেত থেকে সরানো, যাতে ফসল সুস্থ থাকে এবং জেনেটিক পিউরিটি বজায় থাকে।

হলম পুলিং (Haulm Pulling): আলু harvest এর ৭–১৫ দিন আগে আলু গাছের উপরের অংশ (কাণ্ড ও পাতা) কেটে ফেলা। এর মাধ্যমে টিউবার (আলু) ভালোভাবে পাকানো যায়।

Fruits Type

- Capsule** (ক্যাপসুল): Capsule হলো এমন শুকনো ফল যা **বহু বীজ** ধারণ করে এবং পাকলে ফেটে বের হয়। যেমন-তুলা (Cotton), Jute, টিউলিপ (Tulip)
- Caryopsis** (কারিওপসিস): Caryopsis হলো এমন শুকনো, **এক বীজযুক্ত** ফল, যেখানে বীজের দেয়াল এবং ফলের দেয়াল মিলিত থাকে। যেমন- ধান (Rice), গম (Wheat), ভুট্টা (Maize)
- Drupe** (ড্রুপ): Drupe হলো মাংসযুক্ত ফল যার ভিতরে কঠিন পাথরের মতো বীজ থাকে। Also known as stone fruit. যেমন- আম (Mango), আখরোট (Walnut), নারকেল (Coconut)
- Berry** (বেরি): Berry হলো মাংসযুক্ত, একাধিক বীজযুক্ত ফল, যা পুরোপুরি পাকা থাকে এবং ভিতরে শক্ত বীজ থাকে না। যেমন- টমেটো (Tomato), কলা (Banana), আঙুর (Grapes)
- Siliquea** (সিলিকুয়া): Siliquea হলো একটি দীর্ঘ, সরু, শুকনো ফল যা দুই ভাঁজযুক্ত খোসা (valves) দিয়ে বিভক্ত থাকে এবং পাকলে ফেটে বীজ বের হয়। যেমন- সরিষা (Mustard), মূলা (Radish)

** Floral formula এর শুধু কোনটার কি অর্থ এটা পড়বেন। পরীক্ষাতে কোন একটা Floral formula এর কিছু অংশ দিয়ে তার অর্থ কি এমন ভাবে প্রশ্ন আসবে। একটু রিডিং পড়বেন।

Lecture-2

Irrigation (সেচ): মাটিতে water apply করার মাধ্যমে plant growth এর জন্য essential moisture supply করাকেই Irrigation বলে।

Objectives of Irrigation

- ✓ ক্ষতিকর soil insects control করা
- ✓ Soil-এর organic matter decomposition দ্রুত করা
- ✓ Soil থেকে injurious salt leach ও wash out করা
- ✓ Soil temperature এবং humidity maintain করা
- ✓ Plant nutrition এবং growth-এর জন্য water supply করা

Methods of Irrigation (সেচের পদ্ধতি): Four (8) methods of Irrigation

1. Surface Irrigation (সারফেস সেচ)
 - ✓ Free flooding
 - ✓ Border strip
 - ✓ Ring basin
 - ✓ Corrugation (ঢেউ খেলানো)
 - ✓ Furrow method
2. Sub-surface Irrigation (সাব-সারফেস সেচ)
3. Sprinkler Irrigation (স্প্রিন্কলার সেচ)
4. Drip Irrigation (ড্রিপ সেচ)

Advantages & Disadvantages of some important irrigation system:

Free Flooding Method (মুক্ত প্লাবন পদ্ধতি): simplest and oldest method of irrigation। Water land surface-এ free flow করে, কোনো control system থাকে না। সাধারণত flat land বা gently sloping fields এ ব্যবহার করা হয়। Example: Rice cultivation।

Merits (সুবিধা): Large areas অল্প সময়ে irrigate করা যায়। Close-growing crops (যেমন Rice)-এর জন্য খুবই suitable।

Demerits (অসুবিধা): Uneven বা high-low lands irrigate করার জন্য উপযুক্ত নয়।

Soil erosion বেশি হয় (plants মাত্র ~20% water utilize করতে পারে)। Water-sensitive plants (যেমন Spinach, Broccoli) এর জন্য harmful।

Furrow Method (নালা পদ্ধতি)	Corrugation Method (ঢেউ তেলানো পদ্ধতি)
Comparatively deep and wide furrows তৈরি করা হয় crop rows এর মাঝে।	Shallow, small corrugations (ঢেউ তেলানো সরু নালা) তৈরি করা হয়।
Row crops (maize, sugarcane, cotton, potato) যাদের row spacing বেশি।	Close-growing crops (wheat, barley, forage crops) যাদের row spacing কম।
Water furrow এর মধ্যে দিয়ে ধীরে ধীরে flow করে root zone পর্যন্ত পৌঁছে।	Water ছোট ঢেউ তেলানো নালায় মধ্যে দিয়ে land surface uniformly wet করে।
Requires well-leveled land but can be used on slightly sloping land.	Mostly requires flat land for uniform distribution.
More water-saving compared to flooding, moderate efficiency.	Less water-efficient than furrow

Ring Basin Method: এই পদ্ধতিতে প্রতিটি গাছ বা plant এর চারপাশে small, circular basins or rings তৈরি করা হয় এবং প্রতিটি basin এ water apply করা হয়। Example: Orchards (mango, apple, citrus) এবং vegetable crops যেমন bottle gourd (লাউ)।

- ✓ Individual plants irrigate করার জন্য highly efficient method.
- ✓ Water loss ও soil erosion minimize করে।
- ✓ Uneven land এর জন্য suitable।
- ✓ Non-irrigated areas এ weed growth control করা যায়।

Sprinkler (ফোয়ারা) irrigation: এই irrigation system সাধারণত (Hilly areas) পাহাড়ি এলাকাতে, uneven topography-যুক্ত এলাকায় ব্যবহার করা হয়, যেখানে erosion hazard বেশি এবং surface irrigation সম্ভব নয়। এতে water pressure এর মাধ্যমে pipes দিয়ে convey করা হয় এবং nozzles দিয়ে air-এ spray করা হয়। এভাবে rainfall-এর মতো effect তৈরি হয়।

- ✓ Irrigation সহজে control করা যায়।
- ✓ Minimum water loss এবং soil erosion হয়।
- ✓ Water সরাসরি plants এবং soil surface এ spray হয়

Drip Irrigation (ড্রিপ সেচ / Micro-irrigation): এটি একটি micro-irrigation system, যা water slowly এবং frequently supply করে small-diameter pipes এর মাধ্যমে। Water drop by drop crop root zone এ পৌঁছে। যেমন-Grapevines, Strawberry, Vegetables, Greenhouses crops। Directly root zone এ water supply করা যায় এবং Weed growth control করা যায়।

বিভিন্ন ফসলের সেচের চাহিদা:

গম: গমের জীবনকাল ১০০ থেকে ১২০ দিন। ২-৩ সেচ দেওয়া প্রয়োজন

১ম সেচ: মুকুটমূল পর্যায়ে (বীজ বপনের ২০-২৫ দিন পর)

২য় সেচ: কুশি গজানোর সময় (বপনের ৩০-৩৫ দিন পর)

৩য় সেচ: গমের পুষ্পায়ন পর্যায়ে বপনের ৮০-৮৫ দিন পর

আলু: আলুর জীবনকাল ৮০ থেকে ১০০ দিন।

১ম সেচ: শিকড় গজানোর সময় (রোপনের ১৫ থেকে ২০ দিন পর)

২য় সেচ: আলুর কন্দ তৈরীর সময় (রোপনের ২৫ থেকে ৩০ দিন পর)

৩য় সেচ: কন্দ বড় হওয়ার সময় (রোপনের ৫০-৬০ দিন পর)

ভুট্টা: জীবনকাল ১০০ থেকে ১৫০ দিন।

১ম সেচ: পাতা পর্যায়ে (রোপনের ১৫ থেকে ২০ দিনের মধ্যে)

২য় সেচ: কুশি হওয়া পর্যায়ে (রোপনের ৩০ থেকে ৩৫ দিন মধ্যে)

৩য় সেচ: মোচা বের হওয়া পর্যায়ে (রোপনের ৬০-৭০ দিন মধ্যে)

৪র্থ সেচ: দানা বাধ পর্যায়ে (রোপনের ৮৫-৯০ দিন মধ্যে)

Water Requirement (WR) / জল প্রয়োজনীয়তা = IR + ER + S

IR (Irrigation Requirement) = সেচের জন্য প্রয়োজনীয় water

ER (Effective Rainfall) = Crop growth-এর জন্য ব্যবহারযোগ্য rainfall

S (Supply from Soil) = মাটি থেকে সরবরাহিত moisture

Irrigation Scheduling (সেচের সময় নির্ধারণ): Deciding when to irrigate (কখন সেচ দেওয়া উচিত) এবং Determining how much water to apply (কি পরিমাণ সেচ প্রয়োজন) যখন soil moisture content available soil moisture থাকে 70% এর নিচে থাকে তখন irrigation শুরু করা উচিত।

Irrigation Scheduling এর Methods চারটি-

1. Identification of the critical physiological growth stages
2. Determination of soil moisture
3. Pan evaporation
4. Leaf water potential

কোন ফসলের কোন stage এ সেচ দেওয়া উচিত সেটা দেখানো হলো। Critical stages এ অবশ্যই সেচ দিতে হবে, না হলে উৎপাদন অনেক কমে যাবে। এখান থেকে Critical stages টা খুবই ভালো করে পড়বেন।

Crops	physiological stage responsive to irrigation	Critical stages
Rice	Early tillering, panicle initiation, flowering, milk and dough stage	Early tillering, flowering
Wheat	CRI, flowering, milk and dough stage	CRI, flowering
Maize	Early vegetative growth, tasseling (male), silking(female), and dough	tasseling, silking
Mustard	vegetative growth, flowering	flowering
Sugarcane	Sprouting, tiller initiation, tillering	Sprouting
Cotton	Branching, pre-flowering, ball formation	pre-flowering, ball formation

Soil water potential মানে হলো মাটিতে পানি কতটা শক্তভাবে ধরে রাখা হয়েছে এবং উদ্ভিদ তা কতটা সহজে শোষণ করতে পারে।

- ✓ High potential → Water plants-এর জন্য সহজে absorb করা যায়।
- ✓ Low potential (more negative) → Water মাটিতে খুব শক্তভাবে ধরে থাকে, তাই plants absorb করতে কষ্ট হয়।

Pan Evaporation হলো একটি পদ্ধতি যার মাধ্যমে open water surface থেকে কতটা পানি evaporate হচ্ছে তা measure করা হয়। সাধারণত Class A evaporation pan ব্যবহার করা হয়। যদি $CPE = IW$ or $CPE > IW$ তাহলে irrigation is required. (Cumulative pan evaporation (CPE), Irrigation water (IW))

Leaf Water Potential মানে হলো পাতার ভেতরে পানি কতটা শক্তভাবে ধরে রাখা আছে এবং roots থেকে leaves এ পানি move করার জন্য কতটা driving force আছে।

- ✓ Leaf Water Potential যদি High (less negative) হয়, তাহলে leaf has plenty of water.
- ✓ Leaf Water Potential যদি Low (more negative) হয়, তাহলে leaf is under water stress.

Irrigation water এর Quality নির্ভর করে-

Water Quality Parameter	Impact on Crop Production
High Salinity	Reduced water uptake, yield loss
High Sodium	Poor root development
Toxic Ions (B, Cl, heavy metals)	Toxicity, poor crop growth
pH (Very high or low)	Nutrient deficiencies/toxicities
Biological Contaminants	Plant diseases
Total Dissolved Solids (TDS)	< 450 mg/L (good), >2000 mg/L (unsuitable)

Post-harvest technology এর ধাপসমূহ-

1. arvesting
2. Cooling
3. Curing (Curing is the process of drying the wounds of cracked or damaged root and tuber vegetables to make them disease-free.)
4. Cleaning and Washing
5. Sorting and Grading
6. Packaging
7. Storage
8. Transportation
9. Chemical and Other Treatments (Waxes and Edible Coatings, Ethylene, heat treatment)

মাটির বুনট: মাটিতে অবস্থিত বালিকনা, পলিকনা ও কদম কনার পারস্পরিক অনুপাতকে বুনট বলে। বুনট দ্বারা মাটির কান মাটির স্থূলতা বা সূক্ষ্মতাকে বোঝা যায়। মাটির বুনটকে প্রধানত বেলে (Sand), দোআঁশ (Loamy) ও এঁটেল (Clay) এই তিনভাগে ভাগ করা যায়। আন্তর্জাতিক ও যুক্তরাষ্ট্র পদ্ধতিতে মাটিকে ১২ টি বুনটে ভাগ করা হয়েছে।

বেলে মাটির বৈশিষ্ট্য: বেলে মাটিতে ৭০% এর বেশী বালিকনা থাকে। পানি এবং পুষ্টি ধারণ ক্ষমতা ধারণ ক্ষমতা কম। তরমুজ, বাঙ্গি, আখ, ডাল জাতীয় ফসল ভালো হয়।

দোআঁশ মাটির বৈশিষ্ট্য: দোআঁশ মাটিতে ৫০% বালি কনা এবং ৫০% পলি ও কদম কনা থাকে। পানি এবং পুষ্টি ধারণ ক্ষমতা মধ্যম।

এঁটেল মাটির বৈশিষ্ট্য: দোআঁশ মাটিতে ২৫% বালি কনা এবং ২০% পলিকনা ও ৫৫% কদমকনা থাকে। পানি এবং পুষ্টি ধারণ ক্ষমতা বেশী।

Lecture- 3

Disease Development in Plants (মূলত পয়েন্টগুলো ধারাবাহিকভাবে পড়বেন)

1. Inoculation (ইনোকুলেশন): Pathogen (fungus, bacteria, virus ইত্যাদি) প্রথমবার host surface-এ পৌঁছায়।
2. Penetration (প্রবেশ): Pathogen host-এর ভেতরে প্রবেশ করে।
3. Infection (সংক্রমণ): Pathogen host cell-এর সাথে establish হয় এবং nutrients absorb করা শুরু করে। Disease এর primary stage।

4. Colonization (বিস্তার): Pathogen multiply করে এবং host tissue-তে ছড়িয়ে পড়ে। Symptoms ধীরে ধীরে visible হয়।
5. Symptom Development (লক্ষণ প্রকাশ): Disease এর visible expression → যেমন leaf spot, wilt, blight, mosaic ইত্যাদি।
6. Dissemination (প্রসারণ): Pathogen বা তার spores wind, water, insect, human বা tools-এর মাধ্যমে নতুন host এ ছড়ায়।
7. Overwintering / Survival (অতিবাহিত ও টিকে থাকা): Pathogen অনুকূল পরিবেশ না থাকলেও soil, seed, crop residue, বা alternative host-এ survive করে।

এই Disease গুলোর Symptoms এবং Casual organism ভালো করে পড়বেন।

Rice	Wheat	Sugarcane	Potato
Brown Spot	Leaf spot/ Leaf Blotch	Red rot	Early Blight
Blast of Rice	Leaf Smut	Smut Disease	Late Blight
Bakanae Disease	Powdery mildew		Dry rot
BLB (Bacterial Leaf Blight)	Jute	Mango	Soft rot
BLS (Bacterial Leaf Streak)	Black band	Anthracnose	Hallow heart
Ufra Disease	Stem rot		Black heart
	Root rot		
	Root knot		

Symptoms:

Brown spot of rice	Blast of rice
Dry lesion	Water soaked
Lesions enlarge slowly	Lesions enlarge quickly
Circular to oval shaped	Spindle/ diamond or eye shaped
Symptoms on leaf and grain	Symptoms on leaf, collar node, panicle

BLB Vs BLS

Bacterial Leaf Blight (BLB)	Bacterial Leaf Streak (BLS)
<i>Xanthomonas oryzae</i> pv. <i>oryzae</i>	<i>Xanthomonas oryzae</i> pv. <i>oryzicola</i>
Kresek stage এ seedling wilt হয়ে মারা যায়	Kresek stage হয় না
Starts from leaf tip and margin, lesions long, yellow	Thin, translucent water-soaked streaks appear between veins

Severe infection and burnt field appearance	Field never looks completely burnt, only streaky patches
Milky/opaque ooze দেখা যায় lesion-এর উপর সকালে	Yellowish bead-like ooze বের হয় lesion-এর উপর
More destructive (major disease of rice)	Comparatively less destructive
Rain splash, irrigation water, seed, insect wounds	Mostly by wind-driven rain & water droplets

Disease Resistant Variety of Rice	
Leaf Blight	BR 14, 19, 26 BRRRI dhan27, 32, 33, 37, 44
Blust	BR 3, 14, 15, 16, 24 BRRRI dhan28, 32, 33, 45, 74,
Sheath rot	BR 10, 22, 23 BRI dhan29, 32, 39, 41
Bakane	BR 3, 4, 10, 11
Tungro	BR 10, 11, 14, 16, 20, 22 BRRRI dhan27, 36, 37, 39, 41
Ufra	BR 2, BR 7

Bakani Disease of rice

- ✓ Infected seedlings are abnormally tall, slender, and pale green or yellowish. It is called foolish seedlings.
- ✓ These "foolish seedlings" often die before reaching maturity.
- ✓ Some infected plants may be stunted instead of elongated.
- ✓ A pinkish-white fungal growth may be seen at the base of the infected tillers. Surviving plants often produce empty panicles.
- ✓ By applying less N & high K fertilizer can be controlled this disease
- ✓ Seed treatment with Bavistin/ hot water (50°C for 5 min)

Loose Smut of wheat

- ✓ আক্রান্ত শীষে কালো, গুঁড়ো মতো ছত্রাকের স্পোর দানা (kernel) পুরোপুরি প্রতিস্থাপন করে ফেলে।
- ✓ আক্রান্ত গাছে সাধারণ গাছের তুলনায় আগে শীষ বের হয়।
- ✓ বাতাস ও বৃষ্টির মাধ্যমে স্পোর ছড়িয়ে গেলে শীষের মধ্যে কেবল ফাঁকা রচিস (rachis) বা শীষের কাণ্ড দেখা যায়।
- ✓ শীষ বের হওয়ার আগ পর্যন্ত গাছকে স্বাভাবিক মনে হয়, রোগের লক্ষণ বোঝা যায় না।

Black Band of Jute	Stem Rot of Jute
<i>Botryodiplodia theobromae</i> (Fungus)	<i>Macrophomina phaseolina</i> (Fungus)

কান্ডে কালো রঙের লম্বা ব্যান্ড/দাগ (black streaks or bands) তৈরি হয়	কান্ডের গোড়ায় পচন (rot) শুরু হয়
কালো ব্যান্ড ধীরে ধীরে শুকিয়ে যায়, গাছ দুর্বল হয়	গাছের গোড়ার অংশ নরম হয়ে যায়, কান্ড ভেঙে পড়ে
মূলত stem-এর উপরের অংশ ও শাখা	Stem base (ground level-এর কাছে) সবচেয়ে বেশি আক্রান্ত
আক্রান্ত স্থানে ফটোসিনথেসিস কমে যায়, গাছ দুর্বল হয়ে যায়	গোড়া পচে গিয়ে গাছ মরে যায়
ক্ষতস্থান দিয়ে ছত্রাক প্রবেশ করে, field-এ দ্রুত ছড়ায়	Soil borne disease, শুকনো গরম পরিবেশে (dry & hot) বেশি হয়

Root Rot of Jute	Root Knot of Jute
Fungus (<i>Macrophomina phaseolina</i>)	Nematode (<i>Meloido gyne</i> species)
Damping-off in seedlings, dark lesions on the stem, and root discoloration. The plant wilts and dies.	Galls or knots forming on the roots. Stunted growth, yellowing of leaves, and wilting are secondary symptoms.
Tiny, black fungal bodies called pycnidia are visible on diseased parts.	Galls or swellings on the roots are the direct evidence of nematode infestation.
Causes lesions, shredding of the bark, and rotting.	No direct effect; stem remains visually healthy, but the plant is stunted.

Red rot of sugarcane

- ✓ আক্রান্ত আখের পাতা শুকিয়ে লালচে/হলুদ রঙের হয়ে যায়।
- ✓ কান্ডের ভিতরে অংশ লালচে রং ধারণ করে। (reddish color of internal tissues)।
- ✓ লাল অংশের ভেতর দিয়ে সাদা দাগ/প্যাচ (white patches) দেখা যায় (diagnostic symptom)
- ✓ আক্রান্ত কাণ্ডে তীব্র alcoholic বা fermentation smell পাওয়া যায়।
- ✓ রোগগ্রস্ত কাণ্ড সাধারণত শুকিয়ে যায় ও মিষ্টি কমে যায়।

Smut disease of sugarcane

- ✓ Growing point থেকে long, whip-like black structure বের হয়, একে বলে Smut whip (কালো চাবুকের মতো গঠন)।
- ✓ Leaves ছোট ও সরু হয়ে যায়, erect (সোজা) হয়ে থাকে।
- ✓ গাছ stunted ও thin হয় কারণ internode length কমে যায়।
- ✓ অনেক সময় grassy shoots দেখা দেয়।
- ✓ Severe infection এ clump bushy হয়ে যায় (অনেক দুর্বল ও অতিরিক্ত tiller বের হয়)।

Early Blight of potato	Late Blight of potato
-------------------------------	------------------------------

Fungus (<i>Alternaria solani</i>)	Oomycete (<i>Phytophthora infestans</i>)
Warmer tem(24–29°C)	Cool, wet, and humid weather (10–22°C)
Target-like lesions on older, lower leaves; dark brown spots with concentric rings	Irregular, water-soaked, greasy lesions on any part of the plant
Dark, sunken, irregular lesions with a dry, corky rot underneath.	Reddish-brown, dry, granular rot that extends into the flesh.
Produce toxic material	Does not produce toxic material

Dry rot of potato: It is the storage condition disease. The infected area is typically dry, shrunken, and leathery. The skin is often wrinkled in concentric rings. High temperatures and low humidity are favourable for this disease.

Soft rot of potato: Both field and storage condition disease. The infected area is soft, wet, and slimy. The tissue is a cream or tan color and appears water-soaked. ooze from in the affected area.

Hollow heart and Black heart both are physiological disorder. Hollow heart happened in field condition and black heart in storage condition. Excess nitrogen is responsible for hollow heart and High temperature and low oxygen is responsible for black heart.

ধানের মাজরা পোকা (Rice Stem Borer)

ক্ষতিকর লক্ষণ

- ✓ পূর্ণবয়স্ক হলুদ মাঝরা পোকা এক ধরনের মথ।
- ✓ এ পোকাকার স্ত্রী মথ ধান গাছের পাতার আগার দিকে ডিম পাড়ে।
- ✓ ডিম থেকে কিড়া বের হওয়ার পর সেগুলো কাণ্ডের ভিতর ঢুকে কাণ্ডের নিচের দিকে কেটে দেয়।

* গাছের শীষ আসার পূর্বে ক্ষতি করলে বা ধানের বাড়ন্ত অবস্থায় ক্ষতি করলে তাকে

মরা ডিগ বলে

* শীষ আসার সময় ক্ষতি করলে **সাদা শীষ** বা white head বলে।

* পোকা যখন ডিগ পাতার গোড়ায় খেয়ে ফেলে তখন ডিগ পাতা মরে যায় তাকে **ডেড হার্ট** বলে।



ধানের পামরী পোকা (Rice Gall Midge)

ক্ষতিকর লক্ষণ

- ✓ ধানের পাতাকে ভাঁজ করে ভেতরে থেকে খায়। এতে ধান গাছের সালোকসংশ্লেষণ ব্যাহত হয় এবং ফলন কমে যায়।
- ✓ ধানের পাতা লম্বালম্বিভাবে ভাঁজ হয়ে যায়।
- ✓ পাতা ভাঁজের ভেতরে ছোট বাদামী বা সবুজ ঝুঁয়োপোকা দেখা যায়।
- ✓ আক্রান্ত পাতাগুলো শুকিয়ে যায় ও গাছ দুর্বল হয়ে পড়ে।



Rice Brown Plant Hopper এর কারণে Hopper Burn এবং Sooty Mold হয়

Hopper Burn (হপার বার্ন)

- ✓ Nymphs এবং adults গাছের base-এ জমে থাকে।
- ✓ তারা sap sucking করে এরফলে গাছ yellow → brown → dry হয়ে যায়।
- ✓ Field-এ বড় scorch patches তৈরি হয়।

Sooty Mold (কালো ছত্রাকের আবরণ)

- ✓ Insects honeydew নামে একটি sugary substance secret করে।
- ✓ Honeydew-এর উপর sooty mold জন্মায় এরফলে গাছের base কালো হয়ে যায়।

Vector of viral diseases

BPH গুরুত্বপূর্ণ virus diseases ছড়াতে পারে: Rice Grassy Stunt Virus, Rice Ragged Stunt Virus

Jute Hairy Caterpillar (Spilarctia obliqua)

- ✓ Caterpillars feed voraciously → tender leaves এবং plant-এর সবুজ অংশ খেয়ে ফেলে।
- ✓ Early-stage larvae গুলো একসাথে পাতা খায় এবং পাতার শুধু veins থাকে।
- ✓ Later-stage larvae → scattered হয়ে খায়, পুরো গাছ defoliate হয়।
- ✓ Severe infestation → complete defoliation, photosynthesis কমে যায় → fiber yield কমে যায়।
- ✓ Attack বেশি দেখা যায় young jute plants-এ।



Top Shoot Borer of sugarcane (Scirpophaga excerptalis)

- ✓ Caterpillars bore into top shoots (শীর্ষ কাণ্ডের মধ্যে ছিদ্র করে ঢুকে খায়।)
- ✓ Central whorl leaves get bunched together (গাছের শীর্ষের পাতা জড়িয়ে bunchy top / bunchy appearance তৈরি করে।)
- ✓ Leaves show parallel shot holes
- ✓ Growth stunted → গাছ ছোট ও দুর্বল হয়; internodes short থাকে।
- ✓ Severe infestation এর ফলে অনেক side shoots তৈরি হয় এবং yield ও quality কমে যায়।

Shoot Borer of Sugarcane এর Damaging Symptoms

- ✓ early growth stage-এ Larvae bore into shoots and stem

- ✓ Deadheart formation = central shoot শুকিয়ে যায়
- ✓ Later stage damage → internode-এ ছিদ্র করে এরফলে tunneling হয় এবং stems দুর্বল হয়ে যায়।
- ✓ Reduction in cane weight and sugar content

(সকল রোগ এবং insect এর জন্য আলাদা করে Management পড়া লাগবে না। Lecture 5 থেকে কিছু fungicide, bacterioside, insecticides এর নাম মুখস্থ করবেন।)

Common Management system

- ✓ রোগ প্রতিরোধী জাত ব্যবহার করা
- ✓ সুষম মাত্রায় নাইট্রোজেন সার প্রয়োগ করা
- ✓ ফসল কাটার পর আক্রান্ত ফসলের অবশিষ্টাংশ পুড়িয়ে ফেলা বা মাটির নিচে চাপা দেওয়া যাতে
- ✓ সঠিক দূরত্বে চারা রোপণ করা যাতে গাছের মধ্যে ভালো বায়ু চলাচল থাকে।
- ✓ শস্য পর্যায় অনুসরণ করা
- ✓ বীজ শোধন করা
- ✓ সঠিক সেচ এবং সঠিক পানি নিষ্কাশন ব্যবস্থা

Lecture 4

Plant Nutrition (উদ্ভিদের পুষ্টি উপাদান)

Plant nutrition হলো সেই chemical compounds, যা উদ্ভিদের growth, metabolism, এবং reproduction এর জন্য দরকার। প্রায় 90টা element আছে, কিন্তু শুধুমাত্র 17টি elementই essential অর্থাৎ প্রয়োজনীয়।

Macronutrients (10)	Elements	
Primary Nutrients	C, O, H, N, P, K	Growth & metabolism এর জন্য সবচেয়ে বেশি দরকার
Secondary Nutrients	Ca, Mg, S, Fe	Primary-এর চেয়ে কম, কিন্তু still macro-level এ দরকার

Micronutrients (7)	Remarks
Cu, Zn, Mn, Mo, Co, B, Cl	Trace amounts এ দরকার, কিন্তু deficiency হলে growth & reproduction affected

(কোন কোন বইতে essential Nutrients ১৬ টি দেওয়া আছে সেই হিসাবে Micronutrients দেওয়া আছে ৬ টি (কোবাল্ট বাদ। আবার আয়রণ কে Micronutrient হিসাবে বলা আছে কিন্তু বোর্ডের বিজ্ঞান বইতে Macronutrients বলা আছে।)

- ❖ C, H, O বাদে সকল পুষ্টি উপাদান উদ্ভিদ মাটি থেকে গ্রহণ করে।
- ❖ Acid soil এ Fe, Mn, Zn, বেশী থাকে এবং Cu, Mo কম থাকে
- ❖ Alkaline soil → Mo বেশী এবং Fe, Mn, Zn কম থাকে

Nitrogen (N)		
Functions	Deficiency Symptoms	Toxicity
